

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৫৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

اَلْفَصْلُ التَّنِفُ (بَابِ أَشْرَاطِ السَّاعَة)

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَخْرُجُ رَجُلٌ مِنْ وَرَاءِ النَّهْرِ يُقَالُ لَهُ: الْحَارِثُ حَرَّاتٌ عَلَى مُقَدِّمَتِهِ رَجُلٌ يُقَالُ لَهُ: مَنْصُورٌ يُوطِّنُ أَوْ يُمَكِّنُ لِاللَّهِ وَجَبَ عَلَى كُلِّ مُؤْمِنٍ نَصْرُهُ _ أَوْ قَالَ: لِآلِ مُحَمَّدٍ كَمَا مَكَّنَتْ قُرَيْشٌ لِرَسُولِ اللَّهِ وَجَبَ عَلَى كُلِّ مُؤْمِنٍ نَصْرُهُ _ أَوْ قَالَ: إِجَابَتُهُ _ . رَوَاهُ أَبُو دَاؤُدَ

اسناده ضعیف ، رواه ابوداؤد (2 / 4290) * فیم ابو الحسن الکوفی و هلال بن عمرو : مجهولان ۔

(ضَعِيفٌ)

বাংলা

৫৪৫৮-[২২] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (শেষ যামানায়) নহরের ঐ প্রান্ত (তথা বুখারা ও সমরকন্দ প্রভৃতি স্থান) থেকে এক ব্যক্তির আগমন ঘটবে, যিনি 'হারিসে হাররাস' নামে পরিচিত হবেন (হাররাস অর্থ কৃষক বা চাষি)। তার সেনাবহিনীর সম্মুখভাগে 'মানসূর' নামে এক ব্যক্তি থাকবেন। তিনি মুহাম্মাদ (সা.) -এর পরিবার-পরিজনকে (ইমাম মাহদীকে) এমনভাবে আশ্রয় দান করবেন যেমনভাবে কুরায়শগণ আশ্রয় দিয়েছিল রাসূলুল্লাহ (সা.) -কে। তখন সমস্ত ঈমানদারের ওপর তাকে (হারিস অথবা মানসূরকে) সাহায্য করা কিংবা তিনি (সা.) বলেছেন, তার ডাকে সাড়া দেয়া ওয়াজিব হয়ে যাবে। (আবু দাউদ)

ফুটনোট

যঈফ: কারণ আবু ইসহাক মাজহুল; আবু দাউদ ৪২৯০, য'ঈফুল জামি ৬৪১৮।



ব্যাখ্যা

ব্যাখ্যা: যদিও কুরায়শগণ নবী (সা.) -কে প্রথমে মক্কাহ থেকে বের করে দিয়েছিল। কিন্তু তাদের সন্তান-সন্ততিরা পরবর্তীতে ইসালাম গ্রহণ করেছিল এবং নবী (সা.) ও তাঁর সাহাবীগণকে তাঁর জীবদ্দশায় কিংবা তাঁর মৃত্যুর পর তারা আশ্রয় প্রদান করেছিল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন